৭ আগস্ট, ২০২৬

# ২০৩২ সাল পর্যন্ত রিয়াল মাদ্রিদেই থাকছেন ভিনিসিয়ুস জুনিয়র্




ফুটবলার ভিনিসিয়ুস জুনিয়র। ছবি: সংগৃহীত

ব্রাজিলিয়ান তারকা ফরোয়ার্ড ভিনিসিয়ুস জুনিয়রের সঙ্গে দীর্ঘমেয়াদি চুক্তি নবায়ন করেছে রিয়াল মাদ্রিদ। নতুন চুক্তি অনুযায়ী ২০৩২ সালের ৩০ জুন পর্যন্ত স্প্যানিশ ক্লাবটির হয়েই খেলবেন তিনি।

বৃহস্পতিবার (৬ আগস্ট) এক আনুষ্ঠানিক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে রিয়াল মাদ্রিদ।

চুক্তির মেয়াদ শেষ হতে এক বছর বাকি থাকায় গত কয়েক মাস ধরে ভিনিসিয়ুসের ভবিষ্যৎ নিয়ে নানা জল্পনা চলছিল। এ সময় তাকে দলে ভেড়াতে আগ্রহ দেখিয়েছিল ইংলিশ ক্লাব আর্সেনাল। তবে শেষ পর্যন্ত রিয়াল মাদ্রিদের নতুন প্রস্তাবে সম্মতি দিয়ে ক্লাবেই থাকার সিদ্ধান্ত নিয়েছেন এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ড।

একই দিনে দলবদলের বাজারে আরও একটি বড় ঘোষণা দেয় রিয়াল। জার্মান ক্লাব আরবি লাইপজিগ থেকে আইভরি কোস্টের উইঙ্গার ইয়ান দিওমান্দেকে দলে ভিড়িয়েছে তারা। বিভিন্ন গণমাধ্যমের তথ্য অনুযায়ী, এই ট্রান্সফারের সম্ভাব্য মূল্য প্রায় ১২ কোটি পাউন্ড।

LENS ASIA

নতুন কোচ জোসে মরিনহোর অধীনে এটি রিয়ালের ষষ্ঠ সাইনিং। এর আগে বের্নার্দো সিলভা, ইব্রাহিমা কোনাতে, ডেনজেল ডামফ্রিস, মার্ক কুকুরেয়া ও কার্লোস এসপিকে দলে নিয়েছে ক্লাবটি।

২০১৮ সালে ব্রাজিলের ফ্ল্যামেঙ্গো থেকে রিয়ালে যোগ দেন ভিনিসিয়ুস। এরপর ক্লাবটির হয়ে ৩৭৫ ম্যাচে ১২৮টি গোল করেছেন তিনি। জিতেছেন দুটি উয়েফা চ্যাম্পিয়নস লিগ, তিনটি লা লিগা এবং একটি কোপা দেল রে শিরোপা।